



বাংলা প্রসার কমিটি

Take Pride in Learning Bangla

Bangla Proshar Committee

সংবাদ বিজ্ঞপ্তি

১৭ মে, ২০১৩

বিগত ১১ ই মে ২০১৩ তারিখে Macquaire Fileds Community Hall এ বাংলা প্রসার কমিটি আয়োজন করেছিল সমাজপতি-অভিভাবক-কর্মকর্তা পরামর্শ সভা। সভার মূল উদ্দেশ্য ছিল NSW এর উচ্চ মাধ্যমিক পর্যায়ে বাংলা শিক্ষার উত্তরোত্তর প্রবৃদ্ধি ঘটানোর প্রক্রিয়া ও কৌশল নির্ধারণ। সভায় উৎসাহী ব্যক্তিবর্গ ছাড়াও Saturday School of Community Languages (SSCL) এর বাংলা ক্লাশের ছাত্র-ছাত্রী-শিক্ষক এবং Principal Ms Adelia Fuller উপস্থিত ছিলেন।

বেলা ১১:৩০ মিনিটে সভার কার্যক্রম শুরু হয় এবং দুটি খন্ডে পরিচালিত হয়। প্রথম খন্ডে বাংলা শিক্ষায় বাংলা প্রসার কমিটির কর্মকান্ড ও উদ্যোগ নিয়ে আলোচনা হয়। আলোচনার সূত্রপাত করেন কমিটির প্রাক্তন সভাপতি ডঃ মাকসুদুল বারী। সভাপতিত্ব করেন কমিটির সহ-সভাপতি জনাব খায়েরুল আলম ও পরিচালনা করেন কমিটির সভাপতি ডঃ স্বপন পাল।

দ্বিতীয় খন্ডে Ms Fuller বিশদভাবে SSCL এর কার্যক্রম উপস্থাপন করেন। SSCL এ নির্দিষ্ট সংখ্যক ছাত্র-ছাত্রী বাংলা পড়া চালিয়ে গেলে NSW এর উচ্চ মাধ্যমিক পর্যায়ে বাংলা বিষয় অন্তর্ভুক্তিতে সরকারের পক্ষ থেকে সকল প্রকার সহযোগিতার আশ্বাস তিনি প্রদান করেন।

সভায় বিশদ আলোচনার মাধ্যমে নীচের বিষয়গুলো সুস্পষ্টভাবে প্রকাশিত হয়:

- ১) উচ্চ মাধ্যমিক পর্যায়ে শনিবারের স্কুলে বাংলা শিক্ষা কার্যক্রমের সুবিধা ও পরিধি আরো ব্যাপকভাবে সকলকে জানানো প্রয়োজন,
- ২) সন্তানদেরকে বাংলা শিক্ষায় উৎসাহিত করতে তাদের অভিভাবকদেরকে আরো উদ্যোগী হতে হবে,
- ৩) শনিবারের স্কুলে বাংলা শিক্ষা কার্যক্রম জোড়দার না হলে HSC তে বাংলা অন্তর্ভুক্তির সম্ভাবনা ক্ষীণ,
- ৪) এই ব্যাপারে সমাজের সকল স্তরের ব্যক্তিবর্গকে অগ্রণী ভূমিকা নেয়া প্রয়োজন,
- ৫) HSC তে বাংলা অন্তর্ভুক্তির ব্যাপারে কমিটিকে আবারো দেন-দরবার করতে প্রভাবশালী ব্যক্তিবর্গের সহায়তা নেয়া প্রয়োজন, এবং
- ৬) Dulwich Hill Centre এ বাংলা শিক্ষা কার্যক্রম চালু রাখার জন্য জরুরী ভিত্তিতে আরো ছাত্র-ছাত্রী ভর্তির সচেষ্ট উদ্যোগ নিতে হবে।

উপরোক্ত বিষয়গুলো বিশ্লেষণ করে কমিটি একটি Action Plan তৈরী করে এর বাস্তবায়ন করার উদ্যোগ গ্রহণ করবে। আলোচনায় অংশগ্রহণ করেন ডঃ রফিকুল ইসলাম, মিসেস মিলি ইসলাম, জনাব আবদুল জলিল, ডঃ ফজলুর রহমান, জনাব গালিবুর সাদ্দাম, জনাব আল নোমান শামীম, ডঃ দেবশীষ মজুমদার সহ আরো অনেকে।

সভায় দুপুরের হালকা খাবারের ব্যবস্থা ছিল। কমিটির সভাপতি ডঃ স্বপন পাল সভায় উপস্থিতি ও ফলপ্রসূ আলোচনায় অংশ গ্রহনের জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে অপরাহ্ন ২:৩০ মিনিটে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

ডঃ মাকসুদুল বারী, গণ-সংযোগ সম্পাদক, বাংলা প্রসার কমিটি (ফোন: ০৪১১ ০৮৩ ২৯২) কর্তৃক প্রচারিত।

